দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 FEB 2010
পৃষ্ঠা ৩ কলাম ৭

শিক্ষামন্ত্রীর আইসিটি ল্যাব প্রদর্শন কার্যক্রমের উদ্বোধন

# প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীদের জন্য কম্পিউটার মোবাইল ল্যাব

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার্থীদের কম্পিউটার সম্পর্কিত জ্ঞানদানের লক্ষ্যে আজ বুধবার থেকে কম্পিউটার মোবাইল ল্যাব যাত্রা শুরু করবে। শিক্ষা মন্ত্রণালয় আইসিটি মোবাইল ল্যাবের মাধ্যমে আগামী এক বছরে কম্পিউটারহীন ১ হাজার মাধ্যমিক বিদ্যালয়ে তথ্য প্রযুক্তি প্রদর্শনের অংশ হিসাবে এ কার্যক্রম হাতে নিয়েছে।

দেশের ১৪ টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজ এবং পার্বত্য অঞ্চল, বরিশাল ও রংপুর মিলিয়ে মোট ১৭ টি অঞ্চলে ভাগ করে মোবাইল আইসিটি ল্যাব পরিভ্রমণ করবে। প্রতিটি ল্যাবে ৫টি ল্যাপটপ, ৫টি ইন্টারনেট মডেম, ২টি ডিজিটাল ক্যামেরা, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ওয়েবক্যাম, মাল্টি ফাংশনাল প্রিন্টার, পেনড্রাইভ, ইন্টারএ্যাকটিভ বোর্ড, সিডি, স্পিকার, হেডফোন, জেনারেটর রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট-সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট (টিকিউআই-এসইপি) এ উদ্যোগ নিয়েছে। দেশে শিক্ষাঙ্গনে সরকারি উদ্যোগে তথ্য প্রযুক্তি প্রদর্শনের এটিই প্রথম উদ্যোগ।

গতকাল মঙ্গলবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় চত্বরে সরকারি উদ্যোগে দেশের প্রথম মোবাইল আইসিটি ল্যাব প্রদর্শন কার্যক্রম উদ্বোধন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে টিকিউআই-সেপ প্রকল্পের প্রকল্প পরিচালক নজরুল ইসলাম ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেনজির আহমেদ বক্তৃতা করেন।

মন্ত্রী বলেন, দেশের ২৬ হাজারের অধিক স্কুল-কলেজ-মাদ্রাসার অধিকাংশ প্রতিষ্ঠানের অনেক শিক্ষার্থীরা এখনো কম্পিউটারই দেখেনি। দেশের সবগুলো প্রতিষ্ঠানে কম্পিউটার প্রদান করতে সরকারের বেশ সময় লাগবে। এ অবস্থায় দেশের প্রত্যন্ত অঞ্চলে তথ্য প্রযুক্তির সাথে শিক্ষার্থীদেরকে পরিচিত করা, এর সুবিধা বোঝানো, যন্ত্রভীতি কমানো ও জনপ্রিয় করার লক্ষ্যে সরকার এ উদ্যোগ গ্রহণ করেছে। মন্ত্রী বলেন, এ উদ্যোগ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি মোবাইল আইসিটি ল্যাব পরিচালনাকারী কর্তৃপক্ষকে প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে পড়ার নির্দেশ দেন। তিনি ২০১০ সালের প্রাথমিক ও মাধ্যমিকের ১৯ কোটি বই ছাপানো ও সরবরাহের দুঃসাহসিক কর্মকাণ্ডে অনেকের ব্যর্থ হওয়ার আশংকার কথা উল্লেখ করে বলেন, শিক্ষাক্ষেত্রে তথ্য প্রযুক্তিকে ছড়িয়ে দেয়ার ক্ষেত্রেও আমরা সফল হবো।